

শিক্ষা পক্ষে বিভিন্ন স্থানে শ্রেষ্ঠ স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষক নির্বাচিত

হাফিজার রহমান ক্ষেতলালের শ্রেষ্ঠ কলেজ শিক্ষক নির্বাচিত



জাতীয় শিক্ষাপত্র '৯৫-এ জয়পুর হাট জেলার শ্রেষ্ঠ কলেজ শিক্ষক নির্বাচিত হয়েছেন ক্ষেতলাল এসএ কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের বিভাগীয় প্রধান হাফিজার রহমান

তালুকদার। অধ্যাপক হাফিজার রাজশাহী বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭৫ সালে রাষ্ট্রবিজ্ঞানে সন্মানসহ এমএ পাস করেন এবং ১৯৮৫ সালে উক্ত কলেজে প্রভাষক হিসেবে যোগদান করে সাফল্যের সঙ্গে শিক্ষাক্রম পরিচালনা করছেন। উল্লেখ্য, ক্ষেতলাল এসএ কলেজও জেলার শ্রেষ্ঠ কলেজ হওয়ার গৌরব অর্জন করেছে। ক্ষেতলাল থেকে আনোয়ারজামান নাদিম।

নূর সরকার ফেনীর শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষক নির্বাচিত



জাতীয় শিক্ষা সত্তাহ '৯৫ পালন উপলক্ষে ফেনী জেলা শিক্ষা সত্তাহ উদযাপন কমিটি জেলার শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষক হিসেবে পরশুরাম পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান

শিক্ষক মোহাম্মদ আবদুল নূর সরকারকে নির্বাচিত করেছেন। আবদুল নূর সরকার ১৯৬২ সালে কুমিল্লা ডিটোরিয়া কলেজ

থেকে বিএ এবং ১৯৬৪ সালে কুমিল্লা টিটি কলেজ থেকে বিএ ডিগ্রি লাভ করেন। তিনি ১৯৫৬ সালে কসবা থানার বায়েক হাই স্কুলে শিক্ষকতা শুরু করেন; অতঃপর তিনি ১৯৬৮ সালে পরশুরাম পাইলট উচ্চ বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে যোগদান করে অদ্যাবধি সুনামের সঙ্গে উক্ত পদে কর্মরত আছেন। ব্রাহ্মণবাড়িয়া জেলার কসবা থানার নয়নপুর গ্রামের মরহুম আহমদ আলী সরকারের পুত্র মোহাম্মদ আবদুল নূর সরকার ন্যাশনাল ইনস্টিটিউট অব এডুকেশনাল এডমিনিষ্ট্রেশন একসটেশনাল এন্ড রিসার্চ থেকে 'শিক্ষা প্রশাসন ও ব্যবস্থাপনা' বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণ লাভ করেন। ছাগলনাইয়া থেকে সংবাদদাতা।

আবু বকর খিনেদার শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষক নির্বাচিত



শৈলকুপা পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু বকর খিনেদার জেলার শ্রেষ্ঠ স্কুল শিক্ষক হিসেবে নির্বাচিত হয়েছেন। তিনি ১৯৩৮ সালের ২১ জুলাই সিদ্ধি গ্রামে এক

সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। সিদ্ধি প্রাথমিক বিদ্যালয়ে তার শিক্ষা জীবনের হাতেখড়ি শুরু হয়। ঐতিহ্যবাহী বেনীপুর বহুমুখী উচ্চ বিদ্যালয় থেকে তিনি ১৯৫৪ সালে এসএসসি পাস করেন। মগুরা ডিগ্রি কলেজ থেকে তিনি উচ্চ মাধ্যমিক ও স্নাতক ডিগ্রি লাভ করেন। ১৯৫৮ সালে তিনি কুমারখাপী থানার প্যাব্টি হাই স্কুলে শিক্ষকতা শুরু করেন এবং ১৯৫৯-৬০

সালে বিএড ডিগ্রি লাভ করেন। ১৯৬০ সাল থেকে তিনি শৈলকুপা পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক হিসেবে যোগ দেন এবং অদ্যাবধি কর্মরত রয়েছেন। প্রধান শিক্ষক থাকা অবস্থায় তিনি রাষ্ট্র বিজ্ঞান ও বাংলায় এমএ এবং এমএড ডিগ্রি লাভ করেন। খিনেদা থেকে সংবাদদাতা।

মুস্তাফিজুর রহমান লোহাগড়ার শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষক নির্বাচিত



নড়াইলের লোহাগড়া থানা মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়ের সিনিয়র সহকারী শিক্ষক মুস্তাফিজুর

রহমান থানার শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে মনোনীত হয়েছেন। তিনি ১৪ বছর বাবত দক্ষতার সঙ্গে শিক্ষকতা পেশায় নিয়োজিত আছেন। শিক্ষক মুস্তাফিজুর রহমান লোহাগড়া থানা শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক। নড়াইল থেকে গোবিন্দ কুণ্ড।

সাইদুজ্জামান শৈলকুপার শ্রেষ্ঠ মাদ্রাসা শিক্ষক নির্বাচিত



খিনেদার শৈলকুপার মওলানা মোঃ সাইদুজ্জামান শ্রেষ্ঠ মাদ্রাসা শিক্ষক নির্বাচিত হয়েছেন। সাইদুজ্জামান ১৯৭০ সালে যশোর জেলার কেশবপুর গ্রামে জন্মগ্রহণ করেন। কেশবপুর

সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে তার শিক্ষাজীবন শুরু হয়। ১৯৮৬ সালে আলিম, '৮৮ সালে ফাজিল, '৯০ সালে কামিল এবং '৯২ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে খিনেদা কেমি কলেজ থেকে স্নাতক ডিগ্রি লাভ করেন। তারপর ১৯৯২ সালের ১ জুন তিনি শৈলকুপা থানার ঐতিহ্যবাহী কাঁচের কোল ইসলামিয়া আলিম মাদ্রাসায় উপাধ্যক্ষ হিসেবে চাকরি জীবন শুরু করেন। শিক্ষা ক্ষেত্রে বিশেষ অবদানের জন্যে তাকে শ্রেষ্ঠ থানা মাদ্রাসা শিক্ষক নির্বাচিত করা হয়। শৈলকুপা থেকে সদরুল আইন।

কাশেম-মাহাবুব চন্দনাইশের শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষক নির্বাচিত



জাতীয় শিক্ষা সত্তাহ '৯৫ উদযাপন উপলক্ষে সরকারি নীতি-মালার আলোকে থানা পর্যায়ে গঠিত কমিটি থানা সদরস্থ কাশেম-মাহাবুব উচ্চ বিদ্যালয়ের

প্রধান শিক্ষক আনোয়ার হোসেনকে মাধ্যমিক পর্যায়ে চন্দনাইশ থানার শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচিত করেছে। আনোয়ার হোসেন চন্দনাইশ থানার দক্ষিণ হারাদা গ্রামের এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম মোঃ মুজিব উল্লাহ। তার এ সাফল্য লাভে চন্দনাইশ প্রেসক্লাবের সভাপতি ও কাশেম-মাহাবুব উচ্চ বিদ্যালয়ের সিনিয়র শিক্ষক নূরুল আলম অত্র স্কুলের সব শিক্ষকের পক্ষ থেকে অভিনন্দন জানিয়েছেন। চন্দনাইশ থেকে সংবাদদাতা।